**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(শুল্ক ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ ঃ ১২ আষাঢ়, ১৪১৫ বঙ্গাব্দ/২৬ জুন, ২০০৮ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১৬৮-আইন/২০০৮/২১৯৬/শুল্ক।– Customs Act, 1969 (Act IV of 1969) এর section 19 এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, অত্র বিভাগের ১৩ আষাঢ়, ১৪১৪ বঙ্গাব্দ মোতাবেক ২৭ জুন, ২০০৭ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৩৮-আইন/২০০৭/২১৩৭/শুল্ক রহিত করিয়া, উক্ত Act এর FIRST SCHEDULE ভুক্ত Heading No. এবং H.S. Code সমূহের আওতাধীন নিম্নের-

(ক) TABLE এ উল্লিখিত H.S.Code এর অধীন যন্ত্রপাতি ও যন্ত্রাংশকে উহাদের উপর আরোপনীয় আমদানি শুল্ক, যে পরিমাণে মূল্যভিত্তিক ৩% এর অতিরিক্ত হয় সে পরিমাণ, এবং সমুদয় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (যদি থাকে), এবং

(খ) TABLE এ উল্লিখিত H.S.Code এর অধীন আমদানিকৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ দ্বারা যে সকল শিল্প প্রতিষ্ঠান (সুগার রি-ফাইনারি, পেপার ইন্ডাষ্ট্রিজ, ফিশিং ট্রলার, কস্টিক সোডা প্রস্তুতকারক ইন্ডাষ্ট্রি ব্যতীত) উহাদের উৎপাদিত সমূদয় পণ্যের ন্যূনপক্ষে ৮০% (আশি শতাংশ) পণ্য রপ্তানী করে, সে সকল শিল্প প্রতিষ্ঠানকে উক্ত যন্ত্রপাতি ও যন্ত্রাংশের উপর আরোপনীয় আমদানি শুল্ক, যে পরিমাণে মূল্যভিত্তিক ১% এর অতিরিক্ত হয় সে পরিমাণ, এবং সমুদয় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (যদি থাকে), নিম্নবর্ণিত শর্তাদি প্রতিপালন সাপেক্ষে,

অব্যাহতি প্রদান করিল, যথা ঃ-

**শর্ত**

(১) প্রত্যেক আমদানিকারককে সংশ্লিষ্ট লেনদেনকারী ব্যাংক, বা অর্থলগ্নীকারী প্রতিষ্ঠান, বা বিনিয়োগ বোর্ড, বা, ক্ষেত্রমত, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান কর্তৃক পরিশিষ্ট-১ অনুযায়ী একটি প্রত্যয়নপত্র এবং সংশ্লিষ্ট এসোসিয়েশন (এসোসিয়েশন না থাকিলে সংশ্লিষ্ট চেম্বার) এর সভাপতি কর্তৃক পরিশিষ্ট-২ অনুযায়ী প্রদত্ত প্রত্যয়নপত্র পণ্যচালান শুল্কায়নের পূর্বে সংশ্লিষ্ট শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে;

(২) একই এলসির অধীন একাধিক চালানে আমদানির ক্ষেত্রে প্রথম পণ্যচালান আমদানির বিল অব এন্ট্রির তারিখ হইতে এক বৎসরের মধ্যে সকল যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানি সম্পন্ন করিতে হইবে;

(৩) প্রথম পণ্যচালান আমদানির বিল অব এন্ট্রির তারিখ হইতে পরবর্তী ৩ (তিন) বৎসরের মধ্যে যন্ত্রপাতি ও যন্ত্রাংশ স্থাপনসহ উৎপাদিত সমুদয় পণ্যসামগ্রীর ন্যূনতম ৮০% (আশি শতাংশ) পণ্য রপ্তানি করিতে হইবে;

(৪) উৎপাদিত পণ্যের অবশিষ্ট ২০% (বিশ শতাংশ) হইতে যে সকল পণ্য স্থানীয় বাজারে বিক্রয় করা হইবে-

(অ) সে সকল পণ্যের বিপরীতে স্থানীয় পর্যায়ের, প্রযোজ্য সমুদয় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (যদি থাকে) পরিশোধ করিতে হইবে; এবং

(আ) যে সকল পণ্য উৎপাদনের ক্ষেত্রে বন্ডের আওতায় শুল্কমুক্তভাবে কাঁচামাল আমদানি করা হইয়াছে উক্ত কাঁচামালের আমদানি পর্যায়ের, প্রযোজ্য সমুদয় শুল্ক-করাদি (যদি থাকে) পরিশোধ করিতে হইবে;

(৫) আমদানিকৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ নিজস্ব শিল্প ব্যতীত অন্য কোথাও ব্যবহার করা হইবে না এবং আমদানিকৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ দ্বারা উৎপাদিত সমুদয় পণ্য সামগ্রীর ন্যূনতম ৮০% (আশি শতাংশ) পণ্য রপ্তানী করিতে ব্যর্থ হইলে উক্ত যন্ত্রপাতির উপর প্রযোজ্য স্বাভাবিক শুল্ক-করাদি প্রদানসহ Customs Act, 1969, এর অধীনে গৃহীত আইনানুগ শাস্তি মানিয়া নিতে বাধ্য থাকিবেন মর্মে আমদানিকারক কর্তৃক ৩০০.০০ (তিনশত)

টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে পরিশিষ্ট-৩ অনুযায়ী একটি অঙ্গীকারনামা সংশ্লিষ্ট কমিশনার এর নিকট দাখিল করিতে হইবে;

(৬) সংশ্লিষ্ট আমদানিকারকের এসোসিয়েশন (এসোসিয়েশন না থাকিলে সংশ্লিষ্ট চেম্বার) বরাবরে যন্ত্রপাতি ও যন্ত্রাংশের প্রথম পণ্যচালান আমদানির অনধিক ৩ (তিন) বৎসরের মধ্যে নিম্নরূপ দলিলাদি দাখিল করিতে হইবে, যথা ঃ-

(অ) মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানি সংক্রান্ত ইনভয়েস, প্যাকিং লিস্ট, বিল অব লেডিং বা এয়ারওয়ে বিল বা ট্রাক রিসিট, কান্ট্রি অব অরিজিন সার্টিফিকেট, বিল অব এন্ট্রি এবং যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানি সংক্রান্ত আনুষঙ্গিক অন্যান্য দলিলাদি;

(আ) যন্ত্রপাতি ও যন্ত্রাংশ স্থাপনের পর পরবর্তী ৩ (তিন) বৎসরে উৎপাদিত সমুদয় পণ্যসামগ্রীর ন্যূনতম ৮০% (আশি শতাংশ) পণ্য রপ্তানির বিবরণ ও রপ্তানী সংক্রান্ত আনুষঙ্গিক অন্যান্য দলিলাদি; এবং

(ই) উৎপাদিত পণ্যের মধ্য হইতে রপ্তানীকৃত পণ্যের রপ্তানী মূল্য প্রাপ্তির সমর্থনে ব্যাংক প্রদত্ত Proceeds Realization Certificates (PRC) বা, ক্ষেত্রমত, প্রত্যয়ন পত্র;

(৭) দফা (৬) এর অধীন দলিলাদি প্রাপ্তির পর অনধিক ২ (দুই) মাসের মধ্যে সংশ্লিষ্ট এসোসিয়েশন (এসোসিয়েশন না থাকিলে সংশি-ষ্ট চেম্বার) বর্ণিত তথ্যসমূহের সত্যতা যাচাই অন্তে, উহা সঠিক প্রাপ্তি সাপেক্ষে, পরিশিষ্ট-৪ অনুযায়ী সংশ্লিষ্ট এসোসিয়েশন/চেম্বার এর সভাপতির স্বাক্ষরে এসোসিয়েশন/চেম্বারের প্যাডে একটি প্রত্যয়নপত্র প্রদান করিবেন। উক্ত প্রত্যয়নপত্র প্রথম পণ্যচালান আমদানির পরবর্তী ৩ (তিন) বৎসর ৩ (তিন) মাসের পূর্বে সংশ্লিষ্ট কাস্টম হাউস/শুল্ক ষ্টেশনে দাখিল করা হইলে দফা (৫) এর অধীন দাখিলকৃত অঙ্গীকারনামা বাতিল বলিয়া গণ্য হইবে;

(৮) উপরের দফা (৭) অনুযায়ী কোন প্রত্যয়নপত্র পণ্যচালান আমদানির পরবর্তী ৩ (তিন) বৎসর ৩ (তিন) মাসের মধ্যে সংশ্লিষ্ট কাস্টম হাউস বা শুল্ক ষ্টেশনে পাওয়া না গেলে বা আমদানিকৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ দ্বারা উৎপাদিত সমুদয় পণ্যের ন্যূনপক্ষে ৮০% (আশি শতাংশ) পণ্য রপ্তানী করিতে ব্যর্থ হইলে, সংশ্লিষ্ট কমিশনার বা ক্ষমতাপ্রাপ্ত শুল্ক কর্মকর্তা উক্ত যন্ত্রপাতি ও যন্ত্রাশের উপর অনুচ্ছেদ (ক) অনুযায়ী প্রযোজ্য শুল্ক-কর, বার্ষিক ১০% সুদসহ, আদায় করিবেন এবং আমদানিকারকের বিরুদ্ধে Customs Act, 1969 এর আওতায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিবেন।

**TABLE**

| Heading No | H.S.Code |
|---|---|
| (1) | (2) |
| 39.23 | 3923.40.10; 3923.40.30 |
| 40.10 | 4010.11.00; 4010.12.00; 4010.19.00; 4010.35.00; 4010.36.00; 4010.39.90 |
| 40.16 | 4016.93.00; 4016.94.00; 4016.99.10 |
| 42.05 | 4205.00.10 |
| 42.06 | 4206.00.91 |
| 44.15 | 4415.20.10 |
| 44.17 | 4417.00.10 |
| 44.21 | 4421.90.20 |
| 48.12 | 4812.00.00 |

| Heading No | H.S.Code |
|---|---|
| (1) | (2) |
| 48.22 | 4822.10.00; 4822.90.00 |
| 56.07 | 5607.49.10 |
| 56.08 | 5608.11.10 |
| 56.09 | 5609.00.10 |
| 59.10 | 5910.00.00 |
| 59.11 | 5911.10.90; 5911.20.00; 5911.31.00; 5911.32.00; 5911.40.00; 5911.90.00 |
| 68.04 | 6804.21.10; 6804.21.90; 6804.22.10; 6804.22.90; 6804.23.10; 6804.23.90 |
| 68.05 | 6805.30.00 |
| 69.01 | 6901.00.00 |
| 69.02 | All H.S. Codes |
| 69.03 | 6903.10.10; 6903.20.10 |
| 69.09 | All H. S. Codes |
| 73.11 | 7311.00.10 |
| 73.14 | 7314.12.00; 7314.14.00 |
| 73.15 | 7315.11.90; 7315.12.00 |
| 73.18 | 7318.21.00 |
| 74.11 | All H. S. Codes |
| 74.12 | All H. S. Codes |
| 74.15 | 7415.21.00; 7415.29.00; 7415.33.90; 7415.39.00 |
| 74.19 | 7419.91.91; 7419.99.20; 7419.99.30 |
| 75.07 | All H. S. Codes |
| 75.08 | 7508.90.91 |
| 76.08 | All H. S. Codes |
| 76.09 | 7609.00.00 |
| 76.13 | 7613.00.00 |
| 78.06 | 7806.00.30 |
| 79.07 | 7907.00.20 |
| 80.07 | 8007.00.20 |
| 81.04 | 8104.90.10 |
| 82.02 | 8202.20.00; 8202.31.00; 8202.39.00; 8202.40.00; 8202.91.00; 8202.99.00 |
| 82.03 | 8203.30.00; 8203.40.00 |
| 82.04 | 8204.20.00 |

| Heading No | H.S.Code |
|---|---|
| (1) | (2) |
| 82.05 | 8205.10.00 |
| 82.07 | All H. S. Codes |
| 82.08 | All H. S. Codes |
| 82.09 | 8209.00.00 |
| 84.01 | All H. S. Codes |
| 84.02 | All H. S. Codes |
| 84.03 | All H. S. Codes |
| 84.04 | All H. S. Codes |
| 84.05 | All H. S. Codes |
| 84.06 | All H. S. Codes |
| 84.07 | 8407.29.00; 8407.90.10 |
| 84.08 | 8408.10.10; 8408.10.90; 8408.90.10; 8408.90.20; 8408.90.30 |
| 84.09 | 8409.91.10; 8409.99.10 |
| 84.10 | All H. S. Codes |
| 84.11 | All H. S. Codes |
| 84.12 | 8412.10.90; 8412.21.00; 8412.29.00; 8412.31.00; 8412.39.00; 8412.80.10; 8412.80.20; 8412.90.20; 8412.90.90 |
| 84.13 | 8413.11.00; 8413.19.00; 8413.40.00; 8413.50.00; 8413.60.00; 8413.70.00; 8413.81.00; 8413.91.00 |
| 84.14 | 8414.10.00; 8414.30.10; 8414.40.00; 8414.59.20; 8414.80.10; 8414.80.20; 8414.80.30; 8414.80.50 |
| 84.15 | 8415.10.91; 8415.81.91; 8415.82.91; 8415.83.91 |
| 84.16 | All H. S. Codes |
| 84.17 | All H. S. Codes |
| 84.18 | 8418.61.10; 8418.69.10 |
| 84.19 | 8419.20.00; 8419.31.00; 8419.32.00; 8419.39.00; 8419.40.20; 8419.50.00; 8419.60.00; 8419.81.00; 8419.89.00; 8419.90.00 |
| 84.20 | All H. S. Codes |
| 84.21 | 8421.11.00; 8421.12.00; 8421.19.10; 8421.19.91; 8421.21.10; 8421.21.92; 8421.21.93; 8421.21.94; 8421.91.00; 8421.99.00 |
| 84.22 | 8422.19.00; 8422.20.00; 8422.30.00; 8422.40.00; 8422.90.00 |
| 84.23 | 8423.20.00; 8423.30.00; 8423.82.10; 8423.89.00; |

| Heading No | H.S.Code |
|---|---|
| (1) | (2) |
| | 8423.90.00 |
| 84.24 | 8424.20.10; 8424.30.00; 8424.81.90; 8424.89.00; 8424.90.00 |
| 84.25 | 8425.11.00; 8425.19.00; 8425.31.00; 8425.39.00; 8425.41.00 |
| 84.26 | 8426.11.00; 8426.12.00; 8426.19.00; 8426.20.00; 8426.30.00; 8426.41.90; 8426.49.00; 8426.91.00; 8426.99.00 |
| 84.27 | 8427.10.00; 8427.20.00 |
| 84.28 | All H.S. Codes |
| 84.29 | All H. S. Codes |
| 84.30 | All H. S. Codes |
| 84.31 | All H. S. Codes |
| 84.32 | All H. S. Codes |
| 84.33 | 8433.20.00; 8433.30.00; 8433.40.10; 8433.40.90; 8433.51.00; 8433.52.00; 8433.53.00; 8433.59.00; 8433.60.00; 8433.90.00 |
| 84.34 | All H. S. Codes |
| 84.35 | All H. S. Codes |
| 84.36 | All H. S. Codes |
| 84.37 | 8437.10.00; 8437.80.20; 8437.90.90 |
| 84.38 | All H. S. Codes |
| 84.39 | All H. S. Codes |
| 84.40 | All H. S. Codes |
| 84.41 | All H. S. Codes |
| 84.42 | 8442.30.00; 8442.40.00; 8442.50.90 |
| 84.43 | 8443.11.00; 8443.12.00; 8443.13.00; 8443.14.00; 8443.15.00; 8443.16.00; 8443.17.00; 8443.19.00; 8443.39.10; 8443.91.00 |
| 84.44 | 8444.00.00 |
| 84.45 | All H. S. Codes |
| 84.46 | All H. S. Codes |
| 84.47 | All H. S. Codes |
| 84.48 | All H.S. Codes (Excluding H.S.Code 8448.42.10) |
| 84.49 | 8449.00.00 |

| Heading No (1) | H.S.Code (2) |
|---|---|
| 84.50 | 8450.20.00; 8450.90.00 |
| 84.51 | All H.S. Codes (Excluding H.S.Code 8451.21.00) |
| 84.52 | 8452.21.00; 8452.29.90; 8452.30.00; 8452.90.00 |
| 84.53 | All H. S. Codes |
| 84.54 | All H. S. Codes |
| 84.55 | All H. S. Codes |
| 84.56 | All H. S. Codes |
| 84.57 | All H. S. Codes |
| 84.58 | All H. S. Codes |
| 84.59 | All H. S. Codes |
| 84.60 | All H. S. Codes |
| 84.61 | All H. S. Codes |
| 84.62 | All H. S. Codes |
| 84.63 | All H. S. Codes |
| 84.64 | All H. S. Codes |
| 84.65 | All H. S. Codes |
| 84.66 | All H.S. Codes |
| 84.67 | 8467.21.00; 8467.22.00; 8467.29.00; 8467.89.10; 8467.89.20; 8467.89.90; 8467.91.00; 8467.99.00 |
| 84.68 | All H. S. Codes |
| 84.70 | 8470.50.00 |
| 84.74 | All H. S. Codes |
| 84.75 | All H. S. Codes |
| 84.77 | All H. S. Codes |
| 84.78 | All H. S. Codes |
| 84.79 | All H. S. Codes |
| 84.80 | 8480.10.00; 8480.20.00; 8480.41.00; 8480.49.00; 8480.50.00; 8480.60.00; 8480.71.00; 8480.79.00 |
| 84.81 | 8481.10.00; 8481.20.00; 8481.30.00; 8481.40.00; 8481.80.99; 8481.90.00 |
| 84.83 | 8483.20.10; 8483.20.90; 8483.30.00; 8483.40.10; 8483.40.20; 8483.50.00; 8483.60.00; 8483.90.00 |
| 84.84 | All H. S. Codes |
| 84.86 | 8486.10.00; 8486.20.00; 8486.30.00; 8486.90.00 |
| 85.01 | All H. S. Codes |

| Heading No | H.S.Code |
|---|---|
| (1) | (2) |
| 85.02 | All H. S. Codes |
| 85.03 | All H. S. Codes |
| 85.04 | 8504.40.90; 8504.50.00; 8504.90.90 |
| 85.05 | All H. S. Codes |
| 85.14 | All H. S. Codes |
| 85.15 | All H. S. Codes |
| 85.16 | 8516.40.10 |
| 85.25 | 8525.50.10; 8525.60.10 |
| 85.26 | All H. S. Codes |
| 85.28 | 8528.41.00; 8528.51.00 |
| 85.31 | 8531.10.00 |
| 85.37 | 8537.10.10; 8537.10.90 |
| 85.38 | 8538.10.00 |
| 85.41 | 8541.40.10 |
| 85.43 | 8543.10.00; 8543.20.00; 8543.30.00; 8543.90.00 |
| 85.46 | 8546.90.00 |
| 85.47 | 8547.90.00 |
| 87.01 | 8701.20.11; 8701.20.19; 8701.90.10; 8701.90.20 |
| 87.04 | 8704.90.11 |
| 87.16 | 8716.20.00; 8716.31.00; 8716.39.00; 8716.80.00 |
| 89.02 | 8902.00.00 |
| 89.05 | 8905.10.00 |
| 90.07 | 9007.19.00; 9007.20.90 |
| 90.08 | All H. S. Codes |
| 90.10 | All H. S. Codes |
| 90.11 | All H. S. Codes |
| 90.12 | All H. S. Codes |
| 90.14 | All H. S. Codes |
| 90.15 | All H. S. Codes |
| 90.18 | 9018.11.00; 9018.12.00; 9018.13.00; 9018.14.00; 9018.19.00; 9018.20.00; 9018.41.00; 9018.49.00; 9018.50.00; 9018.90.20; 9018.90.30 |
| 90.19 | 9019.10.10; 9019.10.90; 9019.20.10; 9019.20.90 |
| 90.20 | 9020.00.00 |
| 90.21 | 9021.31.00; 9021.39.00; 9021.40.00; 9021.50.00; |

| Heading No | H.S.Code |
| --- | --- |
| (1) | (2) |
| | 9021.90.10; 9021.90.90 |
| 90.22 | All H. S. Codes |
| 90.24 | All H. S. Codes |
| 90.25 | 9025.90.00 |
| 90.26 | All H. S. Codes |
| 90.27 | All H. S. Codes |
| 90.28 | 9028.10.00; 9028.20.00; 9028.30.90; 9028.90.00 |
| 90.29 | 9029.10.90 |
| 90.30 | All H. S. Codes |
| 90.31 | All H. S. Codes |
| 90.32 | All H. S. Codes |
| 91.06 | 9106.10.00 |

**পরিশিষ্ট - ১**

**প্রত্যয়নপত্র**

[শর্ত (১) দ্রষ্টব্য]

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, মেসার্স . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . একটি প্রতিষ্ঠিত রপ্তানিকারী/নূতন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠান ইহার উৎপাদিত সমুদয় পণ্যের ন্যূনপক্ষে ৮০% (আশি শতাংশ) রপ্তানি করে/করিবে। এই শিল্প প্রতিষ্ঠান কর্তৃক ঋণপত্র নং . . . . . . . . . . . তারিখ . . . . . . . এর আওতায় ইনভয়েস নং . . . . . . . . . . . . . . . . . . . . তারিখ . . . . . . . . . . . . . . . বিল অব লেডিং/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিপ্ট নং . . . . . . . . . . . . . . . . . . . . . . . . তারিখ . . . . . . . . . . . . . . . . এ উল্লিখিত বিবরণ, পরিমাণ, মূল্য অনুযায়ী যন্ত্রপাতি. . . . . . . . . . . . . . . . (স্থান) স্থাপিত হইবে এবং এইগুলি প্রতিষ্ঠিত শিল্পের সুষমকরণ, আধুনিকীকরণ, প্রতিস্থাপন ও সম্প্রসারণ (বি এম আর ই)/ একটি নূতন রপ্তানিমুখী শিল্প স্থাপনে ব্যবহার হইবে। আমদানিকৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ দ্বারা উৎপাদিত সমুদয় পণ্যের ন্যূনপক্ষে ৮০% (আশি শতাংশ) রপ্তানি করা হইবে।

তারিখ ঃ                                        নাম ঃ

পদবী ঃ

সীল ঃ

**<u>পরিশিষ্ট-২</u>**

**<u>প্রত্যয়নপত্র</u>**

[শর্ত (১) দ্রষ্টব্য]

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, মেসার্স --------------------------------------- --------------- -----------------------------------------------------------------------(আমদানিকারকের সম্পূর্ণ ঠিকানা) বিনিয়োগ বোর্ড কর্তৃক নিবন্ধিত একটি নতুন রপ্তানীমুখী/ প্রতিষ্ঠিত রপ্তানিকারী শিল্প প্রতিষ্ঠান যাহা এই এসোসিয়েশন এর সদস্য। এই শিল্প প্রতিষ্ঠান কর্তৃক ঋণপত্র নং -------------------------- তারিখঃ ------------- ইনভয়েস নং ---------------------------- তারিখ ঃ -------------- বি,এল/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিট নং ------ --------------------- তারিখ ঃ --------------- এর মাধ্যমে আমদানিকৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ উক্ত প্রতিষ্ঠানের উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহৃত হইবে। উক্ত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ দ্বারা উৎপাদিত পণ্যনসমুহের ন্যুনতম ৮০% (আশি শতাংশ) রপ্তানি করা হইবে বিধায় উহা এস,আর,ও নং ১৬৮-আইন/২০০৮/২১৯৬/শুল্ক, তারিখ ঃ ২৬/০৬/২০০৮ খ্রিঃ অনুযায়ী রেয়াতী হারে শুল্কায়নের সুপারিশ করা হইল।

স্বাক্ষর ঃ

**তারিখ ঃ** নাম ঃ

পদবী ঃ সভাপতি,
.........(সংশ্লিষ্ট এসোসিয়েশন/চেম্বারের নাম ও ঠিকানা)

সীল ঃ

**<u>পরিশিষ্ট-৩</u>**

**<u>অঙ্গীকারনামা</u>**

[শর্ত (৫) দ্রষ্টব্য]

আমি ----------------------------- (নাম) মালিক/ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স --------------------- -------------------------------------------------------------------------------------------------- (প্রতিষ্ঠানের নাম ও সম্পূর্ণ ঠিকানা ) এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, ঋণপত্র নং ----------------------- তারিখ ঃ ------------- ইনভয়েস নং ---------------------তারিখ ঃ ---------------- বি এল/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিট নং -------------------- তারিখ ঃ ---------------- এর মাধ্যমে আমদানিকৃত যন্ত্রপাতি......................... (স্থানীয় পূর্ণ ঠিকানা) স্থাপিত হইবে এবং উক্ত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ দ্বারা উৎপাদিত সমুদয় পণ্যসামগ্রীর ন্যূনতম ৮০% (আশি শতাংশ) পণ্য রপ্তানি করিতে ব্যর্থ হইলে উক্ত যন্ত্রপাতির উপর প্রযোজ্য স্বাভাবিক শুল্ক-করাদি বাবদ .................. টাকা এবং উক্ত টাকার উপর বার্ষিক ১০%(শতকরা দশ ভাগ) সুদ বাবদ অর্থ (নির্ধারণ সাপেক্ষ) কমিশনারের নিকট হইতে এতদুদ্দেশ্যে জারিকৃত দাবিনামা প্রাপ্তির তারিখ হইতে চৌদ্দ দিনের মধ্যে পরিশোধ করিতে আমদানিকারক বাধ্য থাকিব এবং উৎপাদিত পণ্যের অবশিষ্ট ২০% (বিশ শতাংশ) হইতে যে সকল পণ্য স্থানীয় বাজারে বিক্রয় করা হইবে সে সকল পণ্যের বিপরীতে স্থানীয় পর্যায়ের প্রযোজ্যমতে যাবতীয় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (যদি থাকে) পরিশোধ এবং উক্ত পণ্য উৎপাদনে বন্ডের আওতায় শুল্কমুক্তভাবে কাঁচামাল আমদানি করা হইলে উক্ত কাঁচামালের আমদানি পর্যায়ের প্রযোজ্য যাবতীয় শুল্ক-করাদি (যদি থাকে) পরিশোধ করিতে বাধ্য থাকিব।

১।. . . . . . . . . . . . .সাক্ষী স্বাক্ষর ঃ ................................................

২।. . . . . . . . . . . . .সাক্ষী

মালিক/ব্যবস্থাপনা পরিচালকের নাম ঃ ...................

তারিখ ঃ প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ ..............................

..................................................................

**পরিশিষ্ট-৪**

**প্রত্যয়নপত্র**

[শর্ত (৭) দ্রষ্টব্য]

এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, আমদানিকারক মেসার্স ................................ মূসক নিবন্ধন নং .................. কর্তৃক ইনভয়েস নং.................. তারিখ .................... এবং বিল অব লেডিং/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিট নং ..................... তারিখ ................ এর মাধ্যমে আমদানিকৃত এবং ................. শুল্ক ভবন/স্টেশন এর বিল অব এন্ট্রি নং ................ তারিখ ............. এর বিপরীতে খালাসকৃত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ ................................................................ ঠিকানায় অবস্থিত প্রতিষ্ঠানে ...................... তারিখে অথবা .................. তারিখের পূর্বে স্থাপিত হইয়াছে।

উক্ত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ দ্বারা ............................. তারিখে বাণিজ্যিক উৎপাদন শুরু করিয়া প্রথম যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানির বিল অব এন্ট্রির তারিখ হইতে পরবর্তী ৩ (তিন) বৎসরে উৎপাদিত সমুদয় পণ্যের ন্যূনপক্ষে ৮০% (আশি শতাংশ) পণ্য রপ্তানী সম্পন্ন হইয়াছে মর্মে বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসনের সমর্থনে ............ ব্যাংক ................... শাখা কর্তৃক ইস্যুকৃত Proceeds Realization Certificate (PRC)/প্রত্যয়ন পত্র এই দপ্তরে দাখিল করা হইয়াছে।

প্রতিষ্ঠানটির স্থানীয় বাজারে বিক্রয়কৃত পণ্যের বিপরীতে প্রযোজ্য স্থানীয় পর্যায়ের শুল্ক-করাদিসহ আমদানি পর্যায়ের শুল্ক-করাদি পরিশোধিত হইয়াছে।

স্বাক্ষর ঃ

**তারিখ ঃ** নাম ঃ

পদবী ঃ সভাপতি,
............(সংশ্লিষ্ট এসোসিয়েশন/চেম্বারের নাম ও ঠিকানা)

সীল ঃ

০২। এই প্রজ্ঞাপন ১৭ আষাঢ়, ১৪১৫ বঙ্গাব্দ/১ জুলাই, ২০০৮ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
( মোহাম্মদ আবদুল মজিদ )
সচিব।